2023/TDC(CBCS)/ODD/SEM/
BNGHCC–501T/364

**TDC (CBCS) Odd Semester Exam., 2023**

BENGALI

( Honours )

**( 5th Semester )**

Course No. : BNGHCC–501T

**( বিশ শতকের বাংলা সাহিত্য–২ )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো দুটি প্রশ্ন নিয়ে দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

UNIT—I

১। ‘পদাতিক কবি’ নামে কে পরিচিত? তিনি বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় থেকে কোন্ পুরস্কার লাভ করেছিলেন?

২। বাংলা সাহিত্য জগতে কে ‘দুঃখবাদী কবি’ হিসেবে পরিচিত? তাঁর যে কোনো একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

৩। জীবনানন্দ দাশের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? ‘বনলতা সেন’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

## UNIT—II

৪। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'অশনি সংকেত' উপন্যাস ছাড়া তাঁর লেখা অন্য যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো।

৫। অনঙ্গ-বৌয়ের ছেলে দুটির নাম কী ছিল?

৬। গঙ্গাচরণের আদি বাসস্থান কোথায়? তিনি সর্বশেষ যে গ্রামে বসতি স্থাপন করেছিলেন সেই গ্রামের নাম কী?

## UNIT—III

৭। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের জন্ম এবং মৃত্যুসাল উল্লেখ করো।

৮। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় কোন্ উপন্যাসের জন্য 'রবীন্দ্র পুরস্কার' এবং কোন্ উপন্যাসের জন্য 'জ্ঞানপীঠ পুরস্কার' অর্জন করেছিলেন?

৯। 'কবি' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে? উপন্যাসটির মোট পরিচ্ছেদ সংখ্যা কত?

## UNIT—IV

১০। মনোজ মিত্রের লেখা তোমার পাঠ্য-নাটক ছাড়া অন্য দুটি পূর্ণাঙ্গ নাটকের নাম লেখো।

১১। "এখনও বাগান সাজাচ্ছো! গাছ পুঁতছো! ও গাছের ফল খাবে কে?" কে, কাকে এই কথা বলেছিল?

১২। 'সাজানো বাগান' নাটকের অঙ্ক-সংখ্যা কত? নাটকটি কী নামে চলচ্চিত্রায়িত হয়েছিল?

## UNIT—V

১৩। মহাশ্বেতা দেবীর জন্ম এবং মৃত্যুসাল উল্লেখ করো।

১৪। 'বিছন' গল্পে উল্লিখিত দুটি গ্রামের নাম লেখো।

১৫। "কঙ্কালের গলা থেকে অতি যত্নে হারটা খুলল।" হারটি কীসের ছিল? কোন্ স্যাকরা এই হারটি গড়েছিল?

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ১০×৫=৫০

## UNIT—I

১৬। "'অবনী বাড়ি আছো' কবিতাটি এক অর্থে সময় ও সমাজ-ঘনিষ্ঠ কবির আত্ম-উন্মোচন।" মন্তব্যটি বিশ্লেষণ করো।

১৭। সুভাষ মুখোপাধ্যায়ের 'যত দূরেই যাই' কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা প্রস্তুত করো।

## UNIT—II

১৮। "১৩৫০ বঙ্গাব্দের মনুষ্যসৃষ্ট মন্বন্তর যেভাবে গ্রাম বাংলায় অনুপ্রবেশ করেছিল, তার বাস্তব চিত্র অঙ্কিত হয়েছে 'অশনি সংকেত' উপন্যাসে।" তোমার পাঠ-অভিজ্ঞতার মাধ্যমে মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো।

১৯। 'অশনি সংকেত' উপন্যাস অবলম্বনে গঙ্গাচরণ চরিত্রটি বিশ্লেষণ করো।

## UNIT—III

২০। "ভালোবেসে মিটল না আশ, কুলালো না এ জীবনে। হায়, জীবন এত ছোট কেনে?—নিতাইচরণের এই আক্ষেপ মূলত তার জীবনতৃষ্ণা থেকেই উদ্ভূত।" আলোচনা করো।

২১। 'কবি' উপন্যাসে ব্রাত্য জীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

## UNIT—IV

২২। " 'সাজানো বাগান' এমন একটি নাটক, যেখানে বক্তব্যের অন্তঃসলিলা স্রোতে ভাসতে ভাসতে দর্শকের মনে অজান্তেই গভীর ভাব প্রোথিত হয়।" সমালোচকের এই বক্তব্য বিশদভাবে বুঝিয়ে দাও।

২৩। 'সাজানো বাগান' নাটকের সংলাপ কতটুকু সার্থক হয়েছে, আলোচনা করো।

## UNIT—V

২৪। মহাশ্বেতা দেবীর 'ভাত' গল্পে মানুষের চিরক্ষুধার যে বর্ণনা দিয়েছেন তা পর্যালোচনা করো।

২৫। 'সংরক্ষণ' গল্পের নামকরণে যে বহুমাত্রিক ব্যঞ্জনা আছে তা পরিস্ফুট করো।

* * *

2023/TDC(CBCS)/ODD/SEM/
BNGHCC-502T/365

# TDC (CBCS) Odd Semester Exam., 2023

## BENGALI

( Honours )

( 5th Semester )

Course No. : BNGHCC-502T

( বাংলার সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস )

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো দুটি প্রশ্ন নিয়ে দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

### UNIT—I

১। 'গৌড়' শব্দটির ব্যবহার প্রথম কোন্ গ্রন্থে পাওয়া যায়? পরবর্তীকালে কার রচনায় 'বঙ্গ' শব্দটিরও উল্লেখ পাওয়া যায়?

২। 'ভুক্তি' কাকে বলে? ভুক্তিপতিদের কী বলা হত?

৩। কোন্ শতকে পালবংশ প্রতিষ্ঠিত হয়? কোন্ পাল রাজার আমলে 'কৈবর্ত-বিদ্রোহ' সংঘটিত হয়েছিল?

## UNIT—II

৪। বাংলা চৈতন্য জীবনীকাব্যের দুজন রচয়িতার নাম উল্লেখ করো।

৫। 'মনসামঙ্গল' কাব্যধারায় আদিকবি কে? এই ধারার পূর্ববঙ্গে জনপ্রিয়তা লাভ করা একজন কবির নাম উল্লেখ করো।

৬। 'ধর্মমঙ্গল' কোন্ অঞ্চলের 'জাতীয় কাব্য' হিসেবে পরিচিত? এই কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে?

## UNIT—III

৭। রামমোহন রায়ের একটি সমাজ-সংস্কারমূলক গ্রন্থের নাম উল্লেখ করো। 'সতীদাহ প্রথা' কবে আইন করে নিষিদ্ধ ঘোষণা করা হয়?

৮। স্ত্রী-শিক্ষার বিস্তারে যুক্ত একজন ইংরেজ ব্যক্তির নাম উল্লেখ করো। 'বেঙ্গল লেডিস সোসাইটি' কে স্থাপন করেছিলেন?

৯। 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ' গ্রন্থটির রচয়িতা কে? রামতনু লাহিড়ীর জন্ম কত খ্রিস্টাব্দে হয়েছিল?

## UNIT—IV

১০। 'রাখী বন্ধন উৎসব'টি কে, কেন প্রচলন করেছিলেন?

১১। বঙ্গভঙ্গের প্রেক্ষাপটে রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের দুটি প্রবন্ধের নাম উল্লেখ করো।

১২। বঙ্গভঙ্গের পটভূমিতে রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাসটির নাম উল্লেখ করো। উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

## UNIT—V

১৩। 'কল্লোল' পত্রিকার লেখকদের মুখ্যত কোন্ গোষ্ঠী নামে অভিহিত করা হয়? এই গোষ্ঠীর একজন বিশিষ্ট লেখকের নাম লেখো।

১৪। প্রথম বিশ্বযুদ্ধ-পরবর্তীকালে রচিত বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের দুটি উপন্যাসের নাম উল্লেখ করো।

১৫। প্রথম বিশ্বযুদ্ধ-পরবর্তীকালের দুজন হাস্যরসস্রষ্টা সাহিত্যশিল্পীর নাম উল্লেখ করো।

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ১০×৫=৫০

## UNIT—I

১৬। প্রাচীন যুগের বাংলার রাষ্ট্র-শাসনপ্রণালী সম্পর্কে আলোচনা করো।

১৭। বাংলা সাহিত্যের প্রাচীনতম পুঁথিটির অনুসরণে তৎকালীন বাঙালির সমাজজীবনের পরিচয় দাও।

## UNIT—II

১৮। তুর্কি আক্রমণের পরবর্তীকালকে বাংলার 'অন্ধকার যুগ' হিসেবে চিহ্নিত করা যুক্তিযুক্ত কিনা, আলোচনা করো।

১৯। 'মঙ্গলকাব্য'গুলোতে লোকায়ত সমাজ-মানসের যে পরিচয় পাওয়া যায় তা যে কোনো একটি 'মঙ্গলকাব্য' অবলম্বনে পর্যালোচনা করো।

## UNIT—III

২০। উনিশ শতকের সমাজজীবনে ইংরেজি শিক্ষার বিস্তার সম্পর্কে আলোচনা করো।

২১। উনিশ শতকের নবজাগরণে 'ইয়ং বেঙ্গল' গোষ্ঠীর অবদান আলোচনা করো।

## UNIT—IV

২২। বঙ্গভঙ্গের পটভূমি ও উদ্দেশ্যগুলো পর্যালোচনা করো।

২৩। বঙ্গভঙ্গের প্রতিক্রিয়ায় রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের স্বদেশী গানগুলো সম্বন্ধে আলোচনা করো।

## UNIT—V

২৪। প্রথম বিশ্বযুদ্ধ-পরবর্তীকালের যে কোনো দুজন নাট্যকারের নাটক সম্বন্ধে আলোচনা করো।

২৫। দুই বিশ্বযুদ্ধের মধ্যবর্তীকালে রচিত বাংলা উপন্যাসে মধ্যবিত্ত মানুষের মনস্তাত্ত্বিক জটিলতার যে চিত্রটি ফুটে উঠেছিল, যে কোনো দুটি উপন্যাস অবলম্বনে তা বুঝিয়ে দাও।

***

**2023/TDC(CBCS)/ODD/SEM/**
**BNGDSE–501T/366**

**TDC (CBCS) Odd Semester Exam., 2023**

# BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGDSE–501T

**( বাংলা শিশুসাহিত্য ও জীবনী সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে কুড়িটা প্রশ্নের উত্তর দাও : ১×২০=২০

### UNIT—I

১। 'শিশু ভোলানাথ' কাব্যগ্রন্থে মোট কয়টি কবিতা আছে?

২। "ধীরে ধীরে পৌঁছয় সে/সকল বারের পরে"—এখানে কোন্ বারের কথা বলা হয়েছে?

৩। 'খেলাভোলা' কবিতাটি কোন্ সাময়িকপত্রে প্রকাশিত হয়?

৪। 'বাউল' কবিতায় বাউল কী নিয়ে সুর লাগিয়ে নাচে?

৫। 'রাজমিস্ত্রি' কবিতায় রাজমিস্ত্রির বয়স কত?

## UNIT—II

৬। সুখু আর দুখু এই দুই কন্যার পিতার পেশা কী ছিল?

৭। 'কিরণমালা' গল্পটি 'ঠাকুরমার ঝুলি'-র কোন্ খণ্ডের অন্তর্গত?

৮। 'কাঁকনমালা কাঞ্চনমালা' গল্পে রাজা তার রাখাল বন্ধুকে কী তৈরি করিয়ে দিয়েছিলেন?

৯। 'সাত ভাই চম্পা' গল্পে মালিকে দেখে পারুল ফুল কী বলেছিল?

১০। 'শীত বসন্ত' গল্পে সোনার মাছগুলো আসলে কারা?

## UNIT—III

১১। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর পিতৃদত্ত নাম কী ছিল?

১২। বাংলা সাহিত্যে 'শিশুসাহিত্য' শব্দটি প্রথম কে ব্যবহার করেন?

১৩। 'টুনটুনি আর রাজার কথা' গল্পে রাজা রোদে কী শুকোতে দিয়েছিলেন?

১৪। 'পিঁপড়ে আর হাতি আর বামুনের চাকর' গল্পে কতজন লোক হাতিকে টেনেছিল?

১৫। 'বাঘ খেকো শিয়ালের ছানা' গল্পে শিয়ালের কয়টি ছানা ছিল?

## UNIT—IV

১৬। ঈশ্বরচন্দ্রের পূর্বপুরুষদের পেশা কী ছিল?

১৭। বীরসিংহ গ্রামের পাঠশালা পরিচালনা কে করতেন?

১৮। ঈশ্বরচন্দ্রকে কলকাতার কোন্ প্রাইমারি স্কুলে ভর্তি করা হয়েছিল?

১৯। কার পরামর্শক্রমে ঈশ্বরচন্দ্রকে নূতন সংস্কৃত কলেজে ভর্তি করা হয়?

২০। 'সীতার বনবাস' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে রচিত?

## UNIT—V

২১। বারওয়েল সাহেব কে ছিলেন?

২২। স্বামী বিবেকানন্দের জন্মভিটে কোথায়?

২৩। নরেন্দ্রনাথ দত্তের প্রপিতামহের নাম কী?

২৪। স্বামী বিবেকানন্দের মাতামহীর নাম কী?

২৫। স্বামী বিবেকানন্দের শিষ্যা নিবেদিতার পূর্ব নাম কী?

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

### UNIT—I

২৬। 'শিশু ভোলানাথ' কাব্যগ্রন্থের প্রথম কবিতাটির নাম কী? এটি রবীন্দ্রনাথের কোন্ পর্বের রচনা?

২৭। ভোলানাথ বলতে 'শিশু ভোলানাথ' কাব্যে কাকে বোঝানো হয়েছে? কবি তার কাছে কী চাইছেন?

### UNIT—II

২৮। কিরণমালার দুই ভাইয়ের নাম কী?

২৯। 'ঠাকুরমার ঝুলি'-র মোট গল্পসংখ্যা কত? এতে মোট কয়টি চিত্র সংকলিত হয়েছে?

### UNIT—III

৩০। "সাতদিনে সাতজনকে পড়িয়ে পণ্ডিত করে দেব।" কে কাকে এই মন্তব্যটি করেছিল?

৩১। জোলা কিসের জন্য ক' টাকা নিয়ে হাটে গিয়েছিল?

### UNIT—IV

৩২। ঈশ্বরচন্দ্র কোন্ দুটি ব্যবসায়িক প্রতিষ্ঠান শুরু করেন?

৩৩। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কবে সংস্কৃত কলেজে পাশ্চাত্য গণিতের পাঠ্যসূচির প্রবর্তন করেন? সেই সময় বেনারস সংস্কৃত কলেজের অধ্যক্ষ কে ছিলেন?

## UNIT—V

৩৪। স্বামীজির পারিবারিক বিপর্যয়কালে তাঁর কোন্ দুই গুরুভ্রাতা নিঃশব্দে সেবা ও সমর্থন জুগিয়েছিলেন?

৩৫। স্বামী বিবেকানন্দ কবে কোথা থেকে শেষবারের মতো পশ্চিমে যাত্রা করেন?

## SECTION—C

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

## UNIT—I

৩৬। 'তালগাছ' কবিতার মাধ্যমে রবীন্দ্রনাথ কী সারসত্য বোঝাতে চেয়েছেন, আলোচনা করো।

৩৭। "কল্পনাপ্রিয় শিশু মাঝে মাঝে খেলা ভুলে কল্পনার জগতে বিচরণ করে।" 'খেলাভোলা' কবিতাটি অবলম্বনে এই বক্তব্যের যথার্থতা ব্যাখ্যা করো।

## UNIT—II

৩৮। তোমার পঠিত 'সুখু আর দুখু' গল্পে সমাজ বাস্তবতার কোন্ দিকটি ফুটে উঠেছে, আলোচনা করো।

৩৯। সময়ের সাথে সাথে রাজপুত্রের বন্ধুত্বের অঙ্গীকার বিস্মৃত হওয়া কীভাবে রাজ্যে বিপদ ডেকে আনে এবং সেই বিপদ কীভাবে কেটে যায় তা 'কাঁকনমালা কাঞ্চনমালা' গল্প অবলম্বনে আলোচনা করো।

## UNIT—III

৪০। "পর্যায়ক্রমিকভাবে ঘটে যাওয়া সমস্ত কাহিনির কেন্দ্রবিন্দু উকুনে বুড়ি।" 'উকুনে বুড়ীর কথা' গল্প অবলম্বনে আলোচনা করো।

৪১। "উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর 'টুনটুনির বই'-তে দেখা যায় ক্ষুদ্র-শক্তিই বারবার জয়লাভ করেছে।" তোমার পঠিত যে কোনো একটি গল্প অবলম্বনে এই ক্ষুদ্রশক্তির জয় কীভাবে ঘটেছে, দেখাও।

## UNIT—IV

৪২। কর্মক্ষেত্রে বিদ্যাসাগরের যে তেজস্বী ও আপোসহীন মানসিকতা ফুটে উঠেছে তা বর্ণনা করো।

৪৩। "তখন তাঁকে তার পরিবর্তে কিছু দেওয়ার জন্য বিদ্যাসাগর এক ফন্দি আঁটলেন।" প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

UNIT—V

৪৪। 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থের 'সন্ন্যাসী ও গর্ভধারিণী' অধ্যায়টিতে বিবেকানন্দ-জননী ভুবনেশ্বরী দেবীর সংগ্রামময় জীবনের যে ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

৪৫। শংকরের 'অচেনা অজানা বিবেকানন্দ' গ্রন্থের 'সন্ন্যাসী ও গর্ভধারিণী' পাঠ অবলম্বনে জমি বিবাদে ব্যতিব্যস্ত মা-কে বিবেকানন্দ কীভাবে সাহায্য করেছিলেন, সে সম্পর্কে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো।

★ ★ ★

**2023/TDC(CBCS)/ODD/SEM/**
**BNGDSE–502T/367**

**TDC (CBCS) Odd Semester Exam., 2023**

# BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGDSE–502T

**( দেশভাগ ও বাংলা সাহিত্য )**

পূর্ণমান : ৭০
উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে কুড়িটা প্রশ্নের উত্তর দাও : ১×২০=২০

### UNIT—I

১। দেশভাগ কত খ্রিস্টাব্দে হয়েছিল?

২। দেশভাগের ফলে ভারত কয়টি রাষ্ট্রে বিভক্ত হয়?

৩। দেশভাগের ঠিক আগে পূর্ববঙ্গের কোথায় ভয়ঙ্কর দাঙ্গা সংঘটিত হয়েছিল?

৪। পূর্ব পাকিস্তান বর্তমানে কী নামে পরিচিত?

৫। 'দেশভাগ দেশত্যাগ' গ্রন্থটির রচয়িতা কে?

## UNIT—II

৬। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসটি মোট কয়টি খণ্ডে বিভক্ত?

৭। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসের প্রথম অনুচ্ছেদে কার জন্মের সংবাদ রয়েছে?

৮। আবেদালির ছেলের নাম কী?

৯। হাজি সাহেবের 'মাইজলা বিবি'র মনের মানুষটি কে?

১০। ধনকর্তার প্রকৃত নাম কী?

## UNIT—III

১১। শেখর দাসের প্রথম রচনা কোনটি?

১২। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসের প্রকাশকাল কত?

১৩। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসে বসুমতীর স্বামীর নাম কী ছিল?

১৪। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসে পারুল কীভাবে মারা যায়?

১৫। সুরবালার একমাত্র কন্যাসন্তানের নাম কী ছিল?

## UNIT—IV

১৬। 'রক্তমণির হারে' গল্প সংকলনটির সম্পাদক কে?

১৭। 'রক্তমণির হারে' শীর্ষক গল্প সংকলনটি মোট কয়টি খণ্ডে বিভক্ত?

১৮। 'ভুবন ডাক্তার' গল্পের মাসিমার চাকরের নাম কী?

১৯। 'পথের কাঁটা' গল্পের প্রথম প্রশ্নটি কার কণ্ঠে উচ্চারিত হয়েছে?

২০। 'ধোঁয়া-ধুলো-নক্ষত্র' গল্পে কাকে রাতকানা বলা হয়েছে?

## UNIT—V

২১। 'নতুন ইহুদী' কত সালে প্রকাশিত হয়?

২২। 'নতুন ইহুদী' নাটকের প্রথম সংলাপটি কার?

২৩। 'নতুন ইহুদী' নাটকে মীর্জা কে?

২৪। পণ্ডিতমশাই-এর গ্র্যাচুইটির টাকার পরিমাণ কত?

২৫। "আমি কুলি হমু—আমি বাওনের পোলা না?" কার উক্তি?

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো **একটি** প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

### UNIT—I

২৬। 'দ্বিজাতিতত্ত্ব' বলতে কী বোঝানো হয়েছে?

২৭। দেশভাগ ও উদ্বাস্তু জীবন অবলম্বনে রচিত উত্তর-পূর্বাঞ্চলের দুটি উপন্যাসের নাম লেখো।

### UNIT—II

২৮। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসের জন্য লেখক কোন্ দুটি পুরস্কারে ভূষিত হয়েছিলেন?

২৯। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে?

### UNIT—III

৩০। 'বিন্দু বিন্দু জল' উপন্যাস ছাড়া শেখর দাসের অন্য দুটি উপন্যাসের নাম লেখো।

৩১। নলিনীর দুই নাতি-নাতনির নাম লেখো।

### UNIT—IV

৩২। 'হারানো সুর' গল্পে মেসে উপস্থিত যে কোনো দুজনের নাম লেখো।

৩৩। "ছেলেরা দেশান্তরী হল কেন জবাব দাও?" কে, কাকে প্রশ্নটি করেছিল?

### UNIT—V

৩৪। 'নতুন ইহুদী' নাটকটি প্রথম কত সালে, কোন্ রঙ্গমঞ্চে অভিনীত হয়েছিল?

৩৫। "কত দিন কত লোকেরে আনন্দ কইরা খাওয়াছি।" কে, কোন্ প্রসঙ্গে উক্তিটি করেছেন?

## SECTION—C

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

### UNIT—I

৩৬। বাঙালি সংস্কৃতিতে দেশভাগের অভিঘাত বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৩৭। বাংলা গল্পে কীভাবে দেশভাগের করুণ ছবি ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।

### UNIT—II

৩৮। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে ফেলে আসা জীবনের প্রতি যে আবেগ ও অনুভূতি প্রকাশ পেয়েছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

৩৯। 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসের নামকরণে যে ব্যঞ্জনা নিহিত আছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

## UNIT—III

৪০। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসে দুটি পরিবারকে কেন্দ্র করে দেশভাগের যে করুণ চিত্র প্রকাশ পেয়েছে তার বিবরণ দাও।

৪১। 'বিন্দু বিন্দু জল' উপন্যাসের সুরবালা চরিত্রটি আলোচনা করো।

## UNIT—IV

৪২। 'ভুবন ডাক্তার' গল্পে ভুবন আত্মগ্লানি থেকে কীভাবে মুক্তি পেল, আলোচনা করো।

৪৩। দেশভাগ-পরবর্তী রাজনৈতিক পালাবদলে পিষ্ট কলোনিবাসীর জীবনযন্ত্রণা 'ধোঁয়া-ধুলো-নক্ষত্র' গল্পে যেভাবে চিত্রিত হয়েছে তা নিজের ভাষায় বিবৃত করো।

## UNIT—V

৪৪। সলিল সেনের 'নতুন ইহুদী' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

৪৫। "দেশ কথাটা মোহ নারে, দেশ মাইনসের মনে... আমার পোলায় আর তুই লড়াই না কইরা বাইচা বরতা থাকবি— আমারে জবান দিয়া যা, কসম খাইয়া যা বেটা।" দেশভাগ-পরবর্তী বাঙালি জীবনে মৌলবী মীর্জার এই স্বপ্ন কতটা রক্ষিত হয়েছে, আলোচনা করো।

★ ★ ★

**TDC (CBCS) Odd Semester Exam., 2023**

# BENGALI

**( 5th Semester )**

Course No. : BNGGE-501T

**( বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে কুড়িটা প্রশ্নের উত্তর দাও : ১×২০=২০

### UNIT—I

১। বাংলা সাহিত্যের ইতিহাসকে কয়টি যুগে ভাগ করা হয়েছে?

২। হরপ্রসাদ শাস্ত্রীর উপাধি কী?

৩। কোন্ কবি 'চর্যাপদ'-এর সর্বাধিক পদ রচনা করেছেন?

৪। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য কোথা থেকে আবিষ্কৃত হয়েছিল?

৫। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে কয়টি খণ্ড আছে?

## UNIT—II

৬। 'পূর্বরাগ-এর' শ্রেষ্ঠ কবি কে?

৭। 'দ্বিতীয় বিদ্যাপতি' কাকে বলা হয়?

৮। 'অভিসার' রস পর্যায়ের শ্রেষ্ঠ কবি কাকে বলা হয়?

৯। যে কোনো একজন চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

১০। 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থটি কার লেখা?

## UNIT—III

১১। নারায়ণ দেব-এর কাব্য কী নামে পরিচিত?

১২। 'মনসাবিজয়' কে রচনা করেছেন?

১৩। মুকুন্দরাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কী নামে পরিচিত?

১৪। 'ধর্মমঙ্গল' কাব্যের যে কোনো একজন জনপ্রিয় কবির নাম লেখো।

১৫। 'অন্নদামঙ্গল' কাব্যটির রচয়িতা কে?

## UNIT—IV

১৬। "কৃত্তিবাস এ বঙ্গের অলঙ্কার।" উক্তিটি কার?

১৭। কৃত্তিবাসের পিতার নাম কী?

১৮। বাংলা 'রামায়ণ' অনুবাদের ধারায় একজন মহিলা কবির নাম লেখো।

১৯। কাশীরাম দাসের পৈতৃক উপাধি কী ছিল?

২০। কবি কাশীরাম দাস কোন্ শতকের কবি?

## UNIT—V

২১। 'শাক্ত পদাবলী'র প্রধান রস কী?

২২। রামপ্রসাদ রচিত শাক্ত গীতিগুলি কী নামে পরিচিত?

২৩। 'সাধক রঞ্জন' কার রচনা?

২৪। দৌলত কাজী কোন্ রাজসভার কবি ছিলেন?

২৫। 'পদ্মাবতী' কে রচনা করেছিলেন?

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

### UNIT—I

২৬। 'চর্যাপদ' কোথা থেকে, কী নামে পুস্তকাকারে প্রকাশিত হয়েছিল?

২৭। 'চর্যাপদ'-এর ভাষাকে সন্ধ্যাভাষা কেন বলা হয়েছে?

### UNIT—II

২৮। বিদ্যাপতি রচিত দুইটি গ্রন্থের নাম লেখো।

২৯। চৈতন্য-পূর্ব যুগের দুজন বিশিষ্ট পদকর্তার নাম উল্লেখ করো।

### UNIT—III

৩০। 'চণ্ডীমঙ্গল' কাব্যের দুজন উল্লেখযোগ্য কবির নাম লেখো।

৩১। 'ধর্মমঙ্গল' কাব্যের কাহিনি কয়টি এবং কী কী?

### UNIT—IV

৩২। কৃত্তিবাস ওঝার জন্মতিথি ও জন্মবার কী ছিল?

৩৩। কাশীরাম দাসের পিতার নাম কী ছিল? তিনি 'মহাভারত'-এর কয়টি পর্বের অনুবাদ করেছিলেন বলে পণ্ডিতদের অনুমান?

## UNIT—V

৩৪। 'শাক্ত পদাবলী'র দুটি পর্যায়ের নাম লেখো।

৩৫। দৌলত কাজীর রোমান্টিক আখ্যান কাব্যটির নাম কী? এই আখ্যানকাব্যের শেষাংশ কে রচনা করেন?

## SECTION—C

প্রতিটি ইউনিট থেকে যে কোনো একটি প্রশ্ন নিয়ে পাঁচটা প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

## UNIT—I

৩৬। 'চর্যাপদ'-এর পদগুলোতে সাধারণ মানুষের দৈনন্দিন জীবনের যে চিত্র প্রতিফলিত হয়েছে তার পরিচয় দাও।

৩৭। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির বিষয় ও রচনা-বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

## UNIT—II

৩৮। বিদ্যাপতির পদাবলীর একটি রসগ্রাহী আলোচনা করে তাঁর কবিকৃতির বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও।

৩৯। চৈতন্য মহাপ্রভুর জীবনকে অবলম্বন করে বাংলা ভাষায় রচিত যে কোনো একটি জীবনীকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

## UNIT—III

৪০। যে কোনো একজন 'মনসামঙ্গল' কাব্য রচয়িতার কবিকৃতি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৪১। মুকুন্দরাম চক্রবর্তীকে 'চণ্ডীমঙ্গল' কাব্যধারার শ্রেষ্ঠ কবি কেন বলা হয়, আলোচনা করো।

UNIT—IV

৪২। অনুবাদ সাহিত্যের ধারায় কবি কৃত্তিবাস অনূদিত 'রামায়ণ'-এর অনন্যতা ও বৈশিষ্ট্যের পরিচয় দাও।

৪৩। বাংলা ভাষায় সংস্কৃত 'মহাভারত'-এর শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর কবিকৃতিত্বের পরিচয় দাও।

UNIT—V

৪৪। 'আগমনী' ও 'বিজয়া' শীর্ষক পদগুলিতে মাতৃহৃদয়ের যে আকুলতা প্রকাশ পেয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

৪৫। সপ্তদশ শতকের কবি আলাওলের সাহিত্যকৃতির পরিচয় দাও।

★★★